

সংক্ষিপ্ত পরিচিতি:



ড. কৃষ্ণা গায়েন

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)

যোগাদান : ১৮ জুলাই, ২০১৮ খ্রিস্টাব্দ

ফোন : +৮৮০২-৫৫০০৭০৫৬

ফ্যাক্স : +৮৮০২-৫৫০০৭০৬৯

ইমেইল : dg@bbs.gov.bd

ড. কৃষ্ণা গায়েন, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একজন অতিরিক্ত সচিব। তিনি মাদারীপুর জেলার রাউজের উপজেলার এক সম্ভ্রান্ত পরিবারে জন্মগ্রহণ করেন। তিনি সরকারী উচ্চ বালিকা বিদ্যালয়, বরিশাল থেকে ১৯৭৬ খ্রিষ্টাব্দে মাধ্যমিক ও সরকারী ব্রজমোহন বিশ্ববিদ্যালয় কলেজ, বরিশাল থেকে ১৯৭৮ খ্রিষ্টাব্দে উচ্চ মাধ্যমিক পাশ করেন। তিনি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮১ খ্রিষ্টাব্দে পরিসংখ্যানে স্নাতক (সম্মান) ও ১৯৮২ খ্রিষ্টাব্দে স্নাতকোত্তর ডিগ্রী লাভ করেন। তিনি ২০০২ খ্রিষ্টাব্দে যুক্তরাজ্যের নেপিয়ার বিশ্ববিদ্যালয় থেকে জনতত্ত্বে (Demography) পিএইচডি ডিগ্রী অর্জন করেন।

ড. কৃষ্ণা গায়েন এর পেশাগত জীবন বহুমুখী অভিজ্ঞতায় সমৃদ্ধ। সাপ্তাহিক “বিজ্ঞানচর্চা” পত্রিকার সাব-এডিটর হিসেবে তাঁর কর্মজীবন শুরু এবং পরবর্তীতে বাংলাদেশ শিল্প ব্যাংক (বর্তমানে বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক লিমিটেড) এর সিনিয়র অফিসার (পরিসংখ্যানবিদ) পদে কর্মরত ছিলেন। তিনি বিসিএস (ইকনোমিক) ক্যাডারের ১৯৮৬ ব্যাচের (৮ম ব্যাচ) একজন কর্মকর্তা হিসেবে ১৯৮৯ খ্রিষ্টাব্দে পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগে যোগদান করেন। তিনি কর্মজীবনে কৃষি মন্ত্রণালয়, পরিকল্পনা কমিশন, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ এবং অর্থ বিভাগে বিভিন্ন ক্যাপাসিটিতে দায়িত্ব পালন করেছেন। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মহাপরিচালক হিসেবে যোগদানের পূর্বে তিনি তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে অতিরিক্ত সচিব হিসেবে কর্মরত ছিলেন। পেশাগত দক্ষতা উন্নয়নে তিনি দেশে ও বিদেশে বিভিন্ন প্রশিক্ষণ গ্রহণ করেন এবং সরকারী কাজে আন্তর্জাতিক সেমিনার, প্রশিক্ষণ, কর্মশালা, শিক্ষা সফর ও সভায় অংশগ্রহণের জন্য বিভিন্ন দেশ সফর করেছেন।

ব্যক্তিগত জীবনে তিনি বিবাহিতা এবং দুই কন্যা সন্তানের জননী।